তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাজধানীতে অর্ধদিবস হরতাল আজ ॥ সারা দেশে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশী হামলার প্রতিবাদ এবং ভিসি-প্রক্টরের পদত্যাগ দাবিতে গণতান্ত্রিক ছাত্রঐক্য ও জাসদ ছাত্রলীগ আজ সোমবার ঢাকায় অর্ধদিবস হরতাল

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## রাজধানীতে অর্ধদিবস

(প্রথম পাতার পর)

ডেকেছে। ছাত্রলীগ আজ সারা দেশের (ঢাকা বিশ্ববিদ্যালয় ছাড়া) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালন করবে। আগামীকাল বাংলাদেশ ছাত্রলীগ ও জাসদ ছাত্রলীগ সারা দেশে সকাল-সন্ধ্যা হরতাল ডেকেছে। গতকাল ছাত্রলীগ এই বর্বর ঘটনার প্রতিবাদে ধিক্কার দিবস পালন করে। এদিকে বিভিন্ন রাজনৈতিক সংগঠন ছাত্র সংগঠনগুলোর আহূত হরতালের প্রতি সমর্থন জানিয়েছে।

গণতান্ত্রিক ছাত্রঐক্য ও জাসদ ছাত্রলীগ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে সংবাদ সম্মেলন ডেকে হরতাল কর্মসূচী ঘোষণা করে। ছাত্রলীগ আগেই এই কর্মসূচী ঘোষণা করে।

ছাত্রলীগের ডাকে হরতালের সমর্থন জানিয়েছে ঢাকা মহানগর আওয়ামী লীগ। ঢাকা মহানগর আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ হানিফ ও সাধারণ সম্পাদক মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া (বীরবিক্রম) এক বিবৃতিতে বলেন, শামসুন্নাহার হলে পুলিশের বর্বর হামলার ঘটনা '৭১-এর পাকবাহিনীর অত্যাচারকেও হার মানিয়েছে। নেতৃদ্বয় ছাত্রলীগের ডাকে হরতালকে সর্বাত্মকভাবে সফল করার জন্য দেশপ্রেমিক জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন। এছাড়া বাংলাদেশ আওয়ামী যুবলীগ, মহিলা আওয়ামী লীগ, শেখ রাসেল জাতীয় শিশু কিশোর পরিষদ ছাত্রলীগের হরতালকে সমর্থন জানিয়েছে।

ছাত্রঐক্যের আহূত আজকের হরতালের প্রতি সমর্থন জানিয়েছে কমিউনিস্ট পার্টি, বাংলাদেশ সমাজতান্ত্রিক দল (বাসদ), ১১ দল, সমাজতান্ত্রিক মহিলা ফোরাম, ওয়ার্কার্স পার্টি।

ছাত্রলীগ শামসুন্নাহার হলের বর্বর ঘটনায় রবিবার ধিক্কার দিবস পালন করেছে। তারা বঙ্গবন্ধু এ্যাভিনিউস্থ কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ করে।